**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল**
**কালুখালী, রাজবাড়ী।**

স্মারক নং-৩৩.০১.৮২৭৬.০০০.১৮.০০১.২১/ ১৬৫ তারিখ: ২৯/১২/২০২১ খ্রি.

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কালুখালী, রাজবাড়ী এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: ডা: প্রদীপ কুমার সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
কালুখালী, রাজবাড়ী।

সভার তারিখ:২৯/১২/২০২১ খ্রি.
সময়: সকাল ১০.০০ টা
স্থান: সভা কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, কালুখালী, রাজবাড়ী।
উপস্থিতি পরিশিষ্ট **’ক’**

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন । জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত এ কার্যালয় শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনা ২০২১-২২ প্রণয়ন করেছে এবং তা ওয়েবসাইটে আপলোড করেছে। ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিক হওয়ার আহ্বান জানান। এ কার্যালযে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টায় শুদ্ধাচার কর্মকৌশল শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভায় সদস্যগণের উপস্থিতিতে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ০১ | **শাখা/অধীশাখা/অধীনস্থ অফিস পরিদর্শন**: অক্টোবর-ডিসেম্বর, ২০২১ মাসে এ কার্যালয়ের আওতাধীন ফিয়াক সেন্টার ও বিভিন্ন ইউনিয়ন পরিদর্শণ করা হয়েছে। | প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতি ৩ মাসে অন্ত:ত ১ বার বছরে ৪ বার স্ব স্ব শাখা পরিদর্শন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০২ | **শাখা/অধীশাখা/অধীনস্থ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন**: অক্টোবর-ডিসেম্বর, ২০২১ মাসে এ কার্যালয়ের আওতাধীন ফিয়াক সেন্টার ও বিভিন্ন ইউনিয়ন পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। | যথা সময়ে স্ব স্ব শাখা কর্তৃক পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে এবং একটি অনুলিপি অত্র দপ্তরের উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে । পরিদর্শন প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হচ্ছে কিনা পরিদর্শনকারী কর্মকর্তা তা তদারকী করবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৩ | **ডেরি ও পোল্ট্রি খামার পরিদর্শন:** রেজিস্ট্রারকৃত খামারসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল। | কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিমাসে কমপক্ষে ৮টি খামার পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করতে হবে। | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৪ | **সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ** : বিভিন্ন শাখায় সচিবালয় নির্দেশমালা ২০১৪ মোতাবেক নথি শ্রেণীবিন্যাস করণ কার্যক্রম চলমান রয়েছে। আর এখন প্রায় যাবতীয় কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি শ্রেণীবিন্যাস করতে হবে। ই-নথি কার্যক্রম শুরু করনের নিমিত্ত এটুআই বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু প্রাণিসম্পদ এর সার্ভারটি লাইভে না আসায় ই নথি কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। | অফিস সহকারী |
| ০৫ | **শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ** : বিভিন্ন শাখার নথি বিনষ্টকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে জানানো হয়। | প্রতি শাখার নথিসমূহ শ্রেণি বিন্যাস করে শ্রেণীবিন্যাসকৃত নথি সচিবালয়ের নির্দেশনা মোতাবেক বিনষ্টকরনের প্রয়োজনীয়তা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন** : জনগনের অভিযোগের প্রেক্ষিতে গণশুনানির আয়োজন করা প্রয়োজন। | প্রতি মাসের প্রথম সোমবার গণশুনানির আয়োজন করতে হবে। | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন :** এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত নীতিমালা প্রণয়নের কাজ অবিলম্বে শুরু করার আহবান জানানো হয়। | আগামী ২৬/০১/২২ তারিখের মধ্যে উক্ত নীতিমালা প্রণয়ন করে কার্যালয়ের শুদ্ধাচার সেবা বক্সে আপলোড করনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৮ | **কর্মপরিবেশ উন্নয়নে (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ড ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) :** আগামী ১৩/০১/২২ তারিখ পুরাতন মালামাল বিনষ্ট করার জন্য তালিকা প্রণয়ন ও যাচাইয়ের কার্যক্রম চলছে। চালানের মাধ্যমে ১-০৭৪১-০০০-২৬৮১ কোডে সরকারী কোষাগারে টাকা জমা প্রদান করতে হবে। | আগামী ২৭/০১/২২ তারিখের মধ্যে ১ বার এবং ৩০/০৬/২২ তারিখের মধ্যে দ্বিতীয় বার মোট ২ বার কর্ম পরিবেশ-উন্নয়ন (স্বাস্থ্য বিধি অনুসরণ/টিওএন্ড ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতায় বৃদ্ধি ইত্যাদি) এর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি কার্যালয়ের শুদ্ধাচার সেবা বক্সে আপলোড প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৯ | **সেবা সংক্রান্ত ফ্রি নাম্বার সমূহ :** এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয় এবং কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়। | গবাদীপশু পালন সম্পর্কিত যাবতীয় তথ্য পেতে প্রাণিসম্পদ অধিদপ্তরের কল সেন্টার ১৬৩৫৮ চালু রয়েছে। ওয়েবসাইটে তথ্য বাতায়নে খবর পেজে দৃশ্যমান করা হয়েছে। | |
| ১০ | **শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ :** এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয় এবং কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়। | প্রতি ৩ মাসের মধ্যে কমপক্ষে একবার এবং বছরে চারবার এই কার্যালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করতে হবে। | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ১১ | **তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ :** এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে মর্মে জানানো হয়। | প্রতি ৩ মাসের মধ্যে কমপক্ষে একবার এবং বছরে চারবার এই কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করতে হবে। | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ১২ | **স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ :** এ সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতি ৩ মাসের মধ্যে কমপক্ষে একবার এবং বছরে চারবার এই কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করতে হবে। | |
| ১৩ | **উত্তম চর্চার তালিকা প্রণয়ন:** ২০২১-২২ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন পূর্বক উপজেলা প্রাণিসম্পদ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। | প্রতি ৬ মাসের মধ্যে কমপক্ষে একবার এবং বছরে ২বার শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে তা উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৪ | **অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তি করণ :** এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অভিযোগ নিষ্পত্তি করতে হবে। | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ১৫ | **সময়মতো হাজিরা পরিবীক্ষণ :** | প্রতিদিন হাজিরা পরিবীক্ষণ করতে হবে | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১৬ | **দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করন :** দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ১৭ | **নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট বিভাগে দাখিল ও ওয়েবসাইটে আপলোড করন :** এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয় এবং কার্যক্রম চলমান রয়েছে। | প্রতি ৩ মাসে একবার এবং বছরে চারবার প্রতিবেদন এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১৮ | **নৈতিকতা কমিটির সভা আহবান :** এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। ২০২১-২২ অর্থবছরে এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। | প্রতি ৩ মাসের মধ্যে একটি করে বছরে মোট চারবার সভা আহবান করতে হবে। | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ১৯ | **অংশীজন অংশগ্রহণে সভা আহবান :** এ সংক্রান্ত বিস্তারিতভাবে আলোচনা করা হয় এবং ২০২১-২২ অর্থবছরে এ পর্যন্ত কোনো সভা অনুষ্ঠিত হয় নাই। | প্রতি তিন মাসের মধ্যে একটি করে মোট চারটি সভা আহবান করতে হবে। | প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ২০ | **শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ:** অর্থবছরের শেষ কর্মদিবসে কার্যালয়ের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে এবং | উল্লেখ্য এ কার্যালয়ের গত অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | পুরস্কার প্রাপ্তদের তালিকা কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করনের বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-আহবায়ক<br>২. উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা-সদস্য<br>৩. প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা- সদস্য সচিব | |
| ২১ | **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ**: ২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রতি ৩ মাসের মধ্যে কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো। | এ কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী |
| ২২ | **সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ বাস্তবায়ন** : সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ বাস্তবায়নের নিমিত্তে বিস্তারিত আলোচনা করা হয়েছে। | সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | এ কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী |
| ২৩ | **সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ বাস্তবায়ন** | সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা ২০১৮ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | এ কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী |
| ২৪ | **পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রণয়ন** : কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | প্রতি ৩ মাসে ১ বার করে বছরে মোট ৪ বার ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং এ কার্যলয়ে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক উন্নয়ন শাখায় অনুলিপি প্রেরণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ২৫ | **ই-টেন্ডার/আরএফকিউ/ওটিএম এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন** : এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয় এবং ২৫০০০ টাকার উর্ধ্বে একক আইটেমের খরচের ক্ষেত্রে আরএফকিউ গ্রহণ করার কথা বলা হয়। | ২০২১-২২ অর্থবছরের এ কার্যালয়ের যাবতীয় ক্রয় কার্যক্রম ২৫০০০ টাকার উর্ধ্বে একক আইটেমের খরচের ক্ষেত্রে আরএফকিউ পদ্ধতিতে করা হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ২৬ | **স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন** : এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়। | আগামী ৩০/১২/২১ তারিখের মধ্যে স্ব স্ব শাখা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি প্রনয়ন ও বাস্তবায়নপূর্বক এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহন করতে হবে। | |
| ২৭ | **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ**: ২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রতি ৩ মাসের মধ্যে কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো। | এ কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী |

সভায় আর কোন বিষয় উপস্থাপিত না হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডা: প্রদীপ কুমার সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
কালুখালী, রাজবাড়ী।
ইমেইল : ulokalukhali@gmail.com